**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**সংখ্যা : ১৯/২০১৭**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**ঢাকা, মঙ্গলবার ২৪ জানুয়ারি ২০১৭, ১১ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পুলিশের সেবাকে আরো জনবান্ধব করতে হবে : পুলিশ সপ্তাহ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। সার্কে সময়োপযোগী কর্মসূচি নিতে হবে : প্রধানমন্ত্রী

৩। ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি মাহফুজুল বারীর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

৪। আগামী পাঁচ বছরে অস্ট্রেলিয়ায় দ্বিগুণ রফতানি হবে : বাণিজ্যমন্ত্রী

৫। রাষ্ট্রহীনতার সমস্যা আন্তর্জাতিক রাজনীতির মাধ্যমে সমাধান করতে হবে : স্পিকার

৬। ঢাকা-চট্টগ্রাম রুটে মহানগর প্রভাতী ও তূর্ণা এক্সপ্রেসে নতুন লাল সবুজ বগি সংযোজন : উদ্বোধন করলেন রেলমন্ত্রী

৭। তিন স্তরে তথ্যপ্রযুক্তিবিদ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে : তথ্য যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

৮। মুক্তিযোদ্ধা যাচাই নির্দেশিকা ও কমিটি গঠন কেন অবৈধ নয় : হাইকোর্ট

৯। শিশু চলচ্চিত্র উৎসব শুরু আজ

১০। আজ ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস

চলমান পাতা-২

১। **পুলিশের সেবাকে আরো জনবান্ধব করতে হবে : পুলিশ সপ্তাহ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ঔপনিবেশিক আমলের ধ্যান-ধারণার পরিবর্তে গণতান্ত্রিক মূল্যবোধের সাথে একাত্ম হয়ে পুলিশের সেবাকে আরো জনবান্ধব করতে হবে। প্রত্যেক পুলিশ সদস্যকে অসহায় ও বিপন্ন মানুষের প্রতি অকুণ্ঠচিত্তে সেবার হাত প্রসারিত করতে হবে। এছাড়া শান্তিপূর্ণ সমাজ বিনির্মাণে কমিউনিটি পুলিশিংকে আরো জোরদার করতে হবে। গতকাল ২৩ জানুয়ারি সোমবার রাজারবাগ পুলিশ লাইনে 'পুলিশ সপ্তাহ-২০১৭'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। 'পুলিশ সপ্তাহ-২০১৭' উপলক্ষে পুলিশ সদস্যদের মনোজ্ঞ কুচকাওয়াজের সালাম গ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং প্যারেড কমান্ডার পুলিশ সুপার শামসুন্নাহারকে সঙ্গে করে একটি খোলা জিপে প্যারেড পরিদর্শন করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী পুলিশ সদস্যদের মাঝে ৪টি ক্যাটাগরিতে ১৩২ জন পুলিশ সদস্যের মাঝে বাংলাদেশ পুলিশ পদক ও রাষ্ট্রপতি পুলিশ পদক বিতরণ করেন। পরে প্রধানমন্ত্রী বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, সিআইডি'র ফরেনসিক ডিএনএ ল্যাবরেটরি, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেন্টার এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও একাত্তরের বীর শহিদদের স্মরণে নির্মিত রাজারবাগ-৭১ নামের আবক্ষ মূর্তির নামফলক উন্মোচন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**সংবাদ, ইত্তেফাক, জনকণ্ঠ, ভোরের কাগজ, প্রথম আলো, বাংলাদেশ টুডে, নিউজ টুডে, ডেইলি স্টার, ডেইলি সান** সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সার্কে সময়োপযোগী কর্মসূচি নিতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ অঞ্চলের জনগণের প্রত্যাশা পূরণে সার্কের জন্য সময়োপযোগী ও ফলপ্রসূ হবে এমন কর্মসূচি গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, জনগণের প্রত্যাশা পূরণে সার্কের কর্মকান্ড সুনির্দিষ্ট লক্ষ্যের ভিত্তিতে, সময়োপযোগী, ফলপ্রসূমুখী হতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল ২৩ জানুয়ারি সোমবার গণভবনে সার্কের বিদায়ী মহাসচিব অর্জুন বাহাদুর থাপা সাক্ষাৎ করতে এলে প্রধানমন্ত্রী এ অভিমত ব্যক্ত করেন। বৈঠকের পর প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বৈঠকের বিষয়ে অবহিত করেন। এ অঞ্চলের দেশগুলোর মধ্যে বিবদমান সমস্যা সমাধানে আঞ্চলিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সার্ক সম্পর্কে বলেন, এই আঞ্চলিক সহযোগিতার মডেলটি প্রকৃতপক্ষে জাতির পিতা বঙ্গবন্ধুরই চিন্তাপ্রসূত। সার্ক মহাসচিব প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

৩। **ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি মাহফুজুল বারীর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

ঐতিহাসিক আগরতলা মামলার ২২তম আসামি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী মাহফুজুল বারী হৃদরোগে আক্রান্ত হয়ে গতকাল ২৩ জানুয়ারি সোমবার ইন্তেকাল করেছেন। বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সাবেক সদস্য মাহফুজুল বারী হৃদরোগে আক্রান্ত হয়ে রাজধানীর মিরপুর হার্ট ফাউন্ডেশন হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বলে প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন জানান। আবদুর রাজ্জাকের নেতৃত্বাধীন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাবেক সাধারণ সম্পাদক মাহফুজুল বারীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ,ক,৮),**ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

৪। **আগামী পাঁচ বছরে অস্ট্রেলিয়ায় দ্বিগুণ রফতানি হবে : বাণিজ্যমন্ত্রী**

অস্ট্রেলিয়ায় সব পণ্যের ওপর শুল্কমুক্ত সুবিধা পাওয়া যাচ্ছে। গত অর্থবছরে দেশটিতে প্রায় এক বিলিয়ন ডলারের পণ্য রফতানি হয়েছে। একই সময়ে আমদানি হয়েছে প্রায় ৮০০ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য। বাংলাদেশ আগামী পাঁচ বছরে অস্ট্রেলিয়ায় দ্বিগুণ রফতানি করবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ২৩ জানুয়ারি সোমবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার রাষ্ট্রদূত জুলিয়া নিব্লেটের সঙ্গে মতবিনিময় শেষে তিনি এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী অস্ট্রেলিয়ার উদ্যোক্তাদের এ দেশে বিনিয়োগের আহ্বান জানান। বাংলাদেশের বিনিয়োগ নীতি ও পরিবেশ ব্যবসার উপযোগী। অস্ট্রেলিয়ান বিনিয়োগকারীদের চাহিদা অনুযায়ী সব ধরনের সহযোগিতাও দেওয়া হবে। অস্ট্রেলিয়ার রাষ্ট্রদূত বলেন, দু'দেশের সম্পর্ক অনেক ভালো। এদেশের তৈরি পণ্য অস্ট্রেলিয়ার বাজারে বেশি রফতানি হচ্ছে। বাংলাদেশের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য বাড়াতে চায় অস্ট্রেলিয়া। এ দেশ থেকে কার্গো জাহাজ সরাসরি চলাচল করলে পণ্য রফতানি আরও বাড়বে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.১)।

**৫। রাষ্ট্রহীনতার সমস্যা আন্তর্জাতিক রাজনীতির মাধ্যমে সমাধান করতে হবে : স্পিকার**

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছে, রাষ্ট্রহীনতা কোনো একক রাষ্ট্রীয় সমস্যা নয়, এটি একটি বৈশ্বিক সমস্যা। এ সমস্যা আন্তর্জাতিক রাজনীতির মাধ্যমে সমাধান করতে হবে। গতকাল ২৩ জানুয়ারি বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে (বিআইসিসি) আইপিইউ ও জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনের (ইউএনএইচসিআর) যৌথ উদ্যোগে জাতীয়তা এবং রাষ্ট্রহীনতা-সংসদ সদস্যদের জন্য হ্যান্ডবুকের বাংলা সংস্করণ প্রকাশের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

**৬। ঢাকা-চট্টগ্রাম রুটে মহানগর প্রভাতী ও তূর্ণা এক্সপ্রেসে নতুন লাল সবুজ বগি সংযোজন**
**: উদ্বোধন করলেন রেলমন্ত্রী**

ইন্দোনেশিয়া থেকে কেনা লাল সবুজ বগি সংযোজন করা হয়েছে ঢাকা-চট্টগ্রাম রুটের আন্তঃনগর ট্রেন 'মহানগর প্রভাতী' এবং তূর্ণা এক্সপ্রেসে। গতকাল ২৩ জানুয়ারি সোমবার সকালে ও রাতে রাজধানীর কমলাপুর স্টেশন থেকে নতুন সাজে সজ্জিত ট্রেন দুটির যাত্রার আনুষ্ঠানিক উদ্বোধন করেন রেলমন্ত্রী মুজিবুল হক। মহানগর প্রভাতী ট্রেনে নতুন বগি সংযোজনের উদ্বোধন করে রেলমন্ত্রী মুজিবুল হক বলেন, বর্তমান সরকারের লক্ষ্য দেশের সব জেলাকে রেল নেটওয়ার্কে আনা। এজন্য ৪৩টি প্রকল্প চলমান রয়েছে। এসব প্রকল্প বাস্তবায়িত হলে বাংলাদেশের রেল উন্নত বিশ্বের মানে উন্নীত হবে। মন্ত্রী মহানগর প্রভাতীর যাত্রীদের হাতে ফুল তুলে দিয়ে শুভেচ্ছা জানান। সূত্র- **সমকাল** (পৃ,২ ক. ৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৭। তিন স্তরে তথ্যপ্রযুক্তিবিদ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

দেশে তিন স্তরে তথ্যপ্রযুক্তিবিদ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। সর্বোচ্চ স্তরে থাকবেন 'ইনোভেটররা'। তাদের মেধা কাজে লাগিয়ে 'এচিভাররা' কাজ করবেন। সর্বশেষ স্তরে থাকবে 'ফ্রিল্যান্সিং'। ফ্রিল্যান্সাররা বৈদেশিক মুদ্রা অর্জনে কাজ করবেন। এজন্য বাস্তবায়ন করা হচ্ছে বেশ কয়েকটি প্রশিক্ষণ কর্মসূচী। গতকাল ২৩ জানুয়ারি সোমবার রাজধানীর কারওয়ান বাজারে জনতা টাওয়ার সফটওয়্যার টেকনোলজি পার্কে 'ক্রিয়েটিং এ ভেঞ্চার ক্যাপিটাল ইকো-সিস্টেম-গভর্নমেন্টস রোল' শীর্ষক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১,ক.২)।

**৮। মুক্তিযোদ্ধা যাচাই নির্দেশিকা ও কমিটি গঠন কেন অবৈধ নয় : হাইকোর্ট**

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা এবং এ সংক্রান্ত কমিটি গঠন প্রশ্নে রুল জারি করেছে হাইকোর্ট। রুলে এ ধরনের নির্দেশিকা প্রণয়ন এবং এর আলোকে কমিটি গঠন কেন বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চাওয়া হয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের মহাপরিচালককে দুই সপ্তাহের মধ্যে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি জেবিএম হাসানের ডিভিশন বেঞ্চ গতকাল ২৩ জানুয়ারি সোমবার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৯। শিশু চলচ্চিত্র উৎসব শুরু আজ**

'ফ্রেমে ফ্রেমে আগামী স্বপ্ন'-এ শ্লোগান নিয়ে আজ ২৪ জানুয়ারি মঙ্গলবার থেকে শুরু হচ্ছে দশম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব। চিলড্রেন ফিল্ম সোসাইটি বাংলাদেশ আয়োজিত এবারের উৎসবে বাংলাদেশসহ ৫৪টি দেশের দুই শতাধিক শিশুতোষ চলচ্চিত্র প্রদর্শিত হবে। রাজধানীর পাশাপাশি আজ থেকে রাজশাহী ও রংপুরেও এ চলচ্চিত্র উৎসব শুরু হবে। চট্টগ্রামে এ উৎসব শুরু হবে আগামী ৩ মার্চ। আজ ২৪ জানুয়ারি মঙ্গলবার রাজধানীর কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে সপ্তাহব্যাপী এ উৎসবের উদ্বোধন করবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.৫)।

**১০। আজ ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস**

আজ ২৪ জানুয়ারি ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস। মুক্তিকামী নিপীড়িত জনগণের পক্ষে জাতীয় মুক্তি সনদ খ্যাত ৬ দফা এবং পরবর্তীতে ছাত্র সমাজের দেওয়া **১১** দফা কর্মসূচির প্রেক্ষাপটে সংঘটিত হয়েছিল **১৯৬৯** সালের এ গণঅভ্যুত্থান। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী **১৯৬৯** সালের এই দিনে গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে যারা শহিদ হয়েছেন তাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। দিবসটি পালন উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক

সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৭), **নিউ এজ** (পৃ.৪,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ফিনানশিয়াল এক্সপ্রেস :** পুরান ঢাকার ২৫ হাজার কেমিক্যাল কারখানার ১৫ হাজারই আবাসিক বাড়িতে থাকায় পুরান ঢাকা ঝুঁকির মুখে উল্লেখ করে ডিএসসিসি মেয়রের কেরানীগঞ্জের কামরাঙ্গীরচরে এসব কারখানা সরানোর ঘোষণা যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

খ. **সংবাদ :** প্রাকৃতিক বনের প্রায় ৬৫ দশমিক ৮ শতাংশ ধ্বংসের ঝুঁকিতে থাকায় এসব বনভূমি রক্ষায় সমন্বিত উদ্যোগ নেওয়ার আহ্বান।

গ. **প্রথম আলো :** বাংলাদেশ ফুটবল ফেডারেশনের গাফিলতির কারণে এএফসি মহিলা এশিয়ান কাপের বাছাইপর্বে বাংলাদেশ অংশ গ্রহণ করতে যেতে পারছে না উল্লেখ করে ঘটনার ব্যাখ্যা কিংবা জবাবদিহি হওয়া দরকার বলে অভিমত।

ঘ. **সমকাল :** শতকরা ৮৫ ভাগ ভবনে ভূমিকম্প ও অগ্নিনিরাপত্তার নিয়ম মানা না হওয়ায় এসব ভবনের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানো ছাড়াও এখন থেকেই প্রতিটি ভবনে নির্মাণ বিধি মেনে চলার কাড়াকড়ি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** পঙ্গু হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগীদের প্রাইভেট ক্লিনিকে চিকিৎসা নিতে বাধ্য করার নাজেহাল হওয়ার ঘটনায় জড়িত প্রায় ২০টি দালাল চক্রের বিরুদ্ধে শক্ত অবস্থান নেওয়ার আহ্বান।

চ. **ইনকিলাব :** গত দুই সপ্তাহের ব্যবধানে চালের দাম কেজি প্রতি ৩ থেকে ৬ টাকা বাড়ার পরিপ্রেক্ষিতে সরকারকে চালের দাম বাড়ার প্রবণতা রোধে অবিলম্বে উপযুক্ত পদক্ষেপ নেওয়াসহ এ কারসাজির ঘটনায় দায়ীদের বিরুদ্ধে কঠোর শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রংপুর ডেইরি এন্ড ফুড প্রডাক্টস লিঃ ইতোমধ্যে ব্যক্তিগত উদ্যোগে এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করে ব্যাপক সাফল্য লাভ করায় এ ধরনের খাতের সম্ভাবনায় পথের বাধা দূর করে কর্তপক্ষকে এসব খাতকে এগিয়ে নেওয়ার সুযোগ করে দেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান :** দেশের ২,৪৯৭টি রেললাইনের লেভেল ক্রসিংয়ের ১,০৮৫ টিতে কোনো গেটম্যান কিংবা গেট-বার না থাকায় জনগণকে সতর্ক করতে এসব স্থানে বুয়েট প্রস্তাবিত অটোমেটেড ফ্লাসিং লাইট ও সাউন্ড এলার্ম স্থাপনের প্রস্তাবকে বিবেচনায় নেওয়ার সুপারিশ।

ঝ. **ডেইলি স্টার :** কীটনাশকের অতি ও অপ্রয়োজনীয় ব্যবহারে উৎপাদিত কৃষিপণ্য স্বাস্থ্যের জন্য হুমকি হয়ে পড়ায় পরিবেশ ও জনস্বার্থে এসবের ব্যবহার নিয়ন্ত্রণে আনার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে হকারদের পুনর্বাসনের ব্যবস্থা না করে হকার উচ্ছেদ অভিযানকে অমানবিক ও বে-ইনসাফি পদক্ষেপই যথেষ্ট নয় তাকে স্পষ্টভাবে সংবিধানেরই বরখেলাপ বলে আখ্যায়িত করা যায় বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'কর্মজীবী নারীর কর্মপরিবেশ কোথায়?'** শিরোনামের নিবন্ধে ধীরাজ কুমার নাথ অনেক কর্মজীবী নারীকে সন্তানজন্মের পর নিয়মিত কর্মক্ষেত্রে আসতে না পারার কারণে চাকরি থেকে সেচ্ছায় অব্যাহতি নিতে হচ্ছে। তাই জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নের ৫ নং লক্ষ্য অর্জনে সরকারকে এ ব্যাপারে প্রয়োজনীয় ভূমিকা নিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা